

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৪৩৪

১৫/ হাদ্দ বা দণ্ডবিধি (ﷺ كتاب الحدود عن رسول الله পরিচ্ছেদঃ ৮. বিবাহিত (যিনাকারী) লোকের শাস্তি রজম

باب مَا جَاءَ فِي الرَّجْمِ عَلَى النَّيِّبِ.

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا هُشَيْمٌ، عَنْ مَنْصُورِ بْنِ زَاذَانَ، عَنِ الْحَسَنِ، عَنْ حِطَّانَ بْنِ عَبْدِ اللّهِ، عَنْ عُبَادَةَ بْنِ الصَّامِت، قَالَ قَالَ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم " خُذُوا عَنِي فَقَدْ جَعَلَ اللّهُ لَهُنَّ سَبِيلاً الثَّيِّبُ بِالثَّيِّبِ جَلْدُ مِانَّةٍ ثُمَّ الرَّجْمُ وَالْبِكْرُ بِالْبِكْرِ جَلْدُ مِانَةٍ وَنَفْىُ سَنَةٍ ". قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ وَنَفْىُ سَنَةٍ ". قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصِحَابِ النَّبِيّ صلى الله عليه وسلم مِنْهُمْ عَلِيُّ بْنُ أَبِي طَالِبٍ وَأَبْى بُنُ اللهِ عَلَيه وَلَمْ مَنْهُمْ عَلِيُّ بْنُ أَبِي طَالِبٍ وَأَبْى بُنُ اللهِ عليه وسلم مِنْهُمْ عَلِيُّ بْنُ أَبِي طَالِبٍ وَأَبْى بُنُ الله عليه وسلم مِنْهُمْ أَبُو بَكْرٍ وَعُمَرُ وَغَيْرُهُمْ قَالُوا الثَّيِّبُ إِنَّمَا وَتُرْجَمُ . وَإِلَى هَذَا ذَهَبَ بَعْضُ وسلم مِنْهُمْ أَبُو بَكْرٍ وَعُمَرُ وَغَيْرُهُمْ اللّهُ عليه وسلم مِنْهُمْ أَبُو بَكْرٍ وَعُمَرُ وَغَيْرُهُمَ اللّهُ عَلَى اللّهُ عَلَيْ وَعَلَى الله عليه وسلم مِنْهُمْ أَبُو بَكْرٍ وَعُمَرُ وَغَيْرُهُمَ اللّهَ عَيْ وَاللّهِ عَلَى هَذَا عِنْدَ بَعْضَ أَلُوا النّبِيّ صلى الله عليه وسلم مِثْلُ هَذَا فِي غَيْرِ حَدِيث فِي قِصَّةٍ مَاعِزٍ وَغَيْرِهِ أَنَّهُ أَمَر وَيَ عَنِ عِلْ النَّهُمِ وَلَا سُؤَيْنَ مَاللهُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ أَهُلُ الْعِلْمِ وَهُو وَلَا سُقْفَانَ التَّوْرِيِّ وَابْنِ الْمُبَارِكِ وَالشَّافِعِيِّ وَأَحْمَدَ .

বাংলা

১৪৩৪। উবাদা ইবনুস সামিত (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমার নিকট হতে তোমরা জেনে নাও। তাদের (যিনাকারীদের) জন্য আল্লাহ তা'আলা একটি রাস্তা (ব্যবস্থা) করে দিয়েছেন। বিবাহিত পুরুষ ও স্ত্রীলোক পরস্পর যিনা করলে তাদের প্রত্যেককে একশত ঘা চাবুক মারতে হবে, তারপর পাথর মেরে হত্যা করতে হবে। অবিবাহিত পুরুষ বা স্ত্রীলোক যিনা করলে তাদের প্রত্যেককে একশত ঘা চাবুক মারতে হবে এবং এক বছরের নির্বাসনে পাঠাতে হবে।

সহীহ, ইবনু মা-জাহ (২৫৫০), মুসলিম



এ হাদীসটিকে আবৃ ঈসা হাসান সহীহ বলেছেন। এ হাদীস অনুসারে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাহাবীদের মধ্যে আলী ইবনু আবী তালিব, উবাই ইবনু কাব, আবদুল্লাহ ইবনু মাসউদ ও আরো কয়েকজন সাহাবী আমল করেছেন। তারা বলেছেন, বিবাহিত যিনাকারীকে প্রথমে বেত্রাঘাত করতে হবে, তারপর রজম করতে হবে। এই মত দিয়েছেন ইমাম ইসহাকও।

আবূ বকর, উমার (রাঃ) এবং আরো কিছু সাহাবী বলেছেন, বিবাহিত যিনাকারীকে রজম করতে হবে, তাকে বেতের শাস্তি প্রদান করবে না। কেননা মায়িযের ঘটনা সম্পর্কিত হাদীসে এবং আরো কিছু হাদীসে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রজম করার (পাথর মেরে হত্যার) হুকুম দিয়েছেন, কিন্তু এর পূর্বে বেত্রাঘাত করার হুকুম দেননি। এই মত গ্রহণ করেছেন সুফিয়ান সাওরী, ইবনুল মুবারাক, শাফিঈ, ও আহমাদও।

English

Narrated 'Ubadah bin As-Samit:

"The Messenger of Allah (ﷺ) said: 'Take from me. For Allah has a way made for them: For the married person who commits adultery with a married person is one hundred lashes, then stoning. And for the virgin who commits adultery with a virgin is one hundred lashes and banishment for a year."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী □ বর্ণনাকারীঃ উবাদা ইব্নুস সামিত (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন